

তৃতীয় অধ্যায়

টোটোভাষার বাক্যগঠন প্রণালী (Syntactic analysis of Toto Language)

পৃথিবীর যে কোন ভাষার অধার হলো বাক্য। চিন্তাশীল ব্যক্তির চিন্তা চেতনা কোন একটি বিশেষ বস্তু বা ভাবকে আশ্রয় করে থাকেনা - অনবরত এক চিন্তার পুৰাহ অবিস্মিতভাবে বয়ে যায়। শুধুমাত্র শব্দকে অবলম্বন করে যানুষের চিন্তা বা মনোভাব ব্যক্ত হতে পারেনা। ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে -

কোন ভাষার যে উক্তি-র সার্থকতা আছে এবং পঠনের দিক হইতে
যাহা স্মৃৎসম্পূর্ণ সেইরূপ একক উক্তিকে ব্যাকরণে বাক্য (Sentence
বলা হয়।^১

এ বিষয়ে W.P. Lehmann -এর উক্তি-টি উল্লেখযোগ্য :

A sentence is a sequence of selected syntactic
items combined into a unit in accordance with
certain patterns of arrangement modification
and intonation in any given language.²

বাক্য এমন কণ্ঠগুলি নির্বাচিত উপাদানের পরস্পরাঙ্গমিক বিন্যাস যেনুলোকে ভাষাবিশেষের
বিশেষ ছাঁচ, রূপ পরিবর্তন ও সুরতরঙ্গের বিশেষ নিয়ম অনুসারে মিলিত করে একটি একক
রূপ গড়ে তোলা হয়েছে। ভাষাবিজ্ঞানের যে শাখায় এই শব্দ বিন্যাস, অবস্থান ও পারস্পরিক
সম্পর্ক আলোচিত হয় তাই বাক্যতত্ত্ব।^৩

টোটো ভাষার বাক্যরীতিতে বাক্যের যে গঠন তাতে পদক্রম বিন্যাসের নিয়ম অনুসারে এ ভাষাকে অসমবায়ী বা অযোগাত্মক (Inorganic or isolating) ভাষা বলা চলে। অসমবায়ী বা অযোগাত্মক নাম থেকেই বোঝা যায় এ ভাষায় শব্দের সঙ্গে শব্দের কোন যোগ নেই, শব্দের সঙ্গে উপসর্গ, প্রত্যয় বা বিভক্তি যুক্ত হয়না। বাক্যের মধ্যে পদের অবস্থান থেকেই কর্তা, কর্ম ও করণ নিরূপন করা হয়। এ কারণে এ ভাষাকে আবস্থানিক বা Positional বলা হয়। এ জাতীয় ভাষায় শব্দের কোন পরিবর্তন হয়না বলেই ধাতু-রূপ বা শব্দরূপ বলে কিছু নেই। এ ভাষার বিশেষত্ব, এ ভাষার কোন নির্দিষ্ট ব্যাকরণ (Definite grammar) নেই - বাক্যের মধ্যে শব্দের অবস্থান দেখে এদের পদরূপ বুঝে নিতে হয়। Chomsky'o র মত অনুসারে টোটো বাক্যকে বলা যায় -

The more acceptable sentences are those that are more likely to be produced, more easily understood, less clumsy, and in some sense more natural.⁸

-: টোটো ভাষার বাক্যগঠন পদ্ধতি :-

১। পদবিন্যাসের নিয়ম অনুসারে বাংলার মত টোটো ভাষারও বাক্যগঠনে বাক্যের মূল দু'টি অংশ (ক) উদ্দেশ্য (Subject) (খ) বিধেয় (Predicate)। উদ্দেশ্য ও বিধেয়ের জন্য কখনো নামপদ (বিশেষ্য বা সর্বনাম) এবং বিধেয় অংশের জন্য ক্রিয়াপদ ব্যবহার করা হয়েছে।

	উদ্দেশ্য(subject)	বিধেয়(Predicate)
ক)	মেং চাতা (Mengchātā (মাংখে	সাইটি নিম্বা Sāiti Nimā) রস আছে)

	উদ্দেশ্য (Subject)	বিধেয় (Predicate)
খ)	ধনিরামকো (Dhānirāmkō)	লাসু ইয়াইপুমি Lāsu eāipumi)
	ধনিরামের	জায়া ছেঁড়া
গ)	ভবেশকো আপেহা (Bhābeshkō āpehā)	ঝোলং গতা জিংনা Jholong-gātā jingnā)
	ভবেশের শিশুটি	দোলনায় ঘুমিয়ে আছে।

উপরের বাক্যগুলিতে উদ্দেশ্য অংশের মধ্যে যথেষ্ট চাচা, ধনিরাম, ভবেশ নামপদ, বিধেয় অংশের নামপদ সাইতি, লাসু, ঝোলং গতা নামপদ।

	উদ্দেশ্য (Subject)	বিধেয় (Predicate)
ক)	কা (Kā)	টাউনসো লেমি tounso lemi)
	আমি	শহর থেকে আসছি।
খ)	নাটি (Nāti)	হাপানিংগা hāpāningā)
	তুমি	কেমন আছ।
গ)	আকুয়া (Ākuā)	পিকাহিং পিচমি Pikāhing pichmi)
	সে	গরুকে ঘাস দেয়।

উপরের বাক্যগুলিতে উদ্দেশ্য অংশে নামপদ (সর্বনাম) আকু, নাটি, কা।

২। টোটো ভাষাতে উদ্দেশ্য ও বিধেয়র পুরসারক ও পূরক রূপে বাক্যে কিছু কিছু শব্দাবলী বা শব্দ এসে যায় যেমন -

ই বারিহা	কুঙ
(I bāriā	Kung)
এই বালানটি	আমার

এখানে 'ই' শব্দটি 'বারিহার' অর্থাৎ উদ্দেশ্যের পুরসারক রূপে ব্যবহার হয়েছে।

ইয়া কুঙ	দেওরী চেমে
(Iā Kung	deori ceme)
এ আমার	বড় যেয়ে

এখানে 'ইয়া' অর্থে 'এ' - কুঙ (আমার) এই উদ্দেশ্যের পুরসারক রূপে ব্যবহার হয়েছে।

বাইরেতো দিগাবিয়া	টোটোপাডাতা ওয়াংমাগা
Baireto dingabia	totoparata oangmaga)
বাইরের লোকেরা	টোটোপাডায় আসে।

এখানে 'দিগাবিয়া'র পুরসারক শব্দ হিসেবে বসেছে বাইরেতো। অর্থাৎ উদ্দেশ্যের পুরসারক উদ্দেশ্যের ঠিক আগে বসে এ ডামার এও একটা উল্লেখযোগ্য বৈশিষ্ট্য।

টোটোভাষাতে যেমন উদ্দেশ্যের পুরসারক উদ্দেশ্যের আগে বসে তেমনি বিধেয়র পুরসারক বিধেয়র পূর্বে বসে -

(ক) কা	ইচো ইগা চোইপিকোহে। (আমি একখানি বই কিনলাম)
Ka	Icho Iga choipikohe
(খ) কিবিয়া	নামসো হিংমি। (আমরা কান দিয়ে শুনি)
Kibia	namUso Hingmi

উপরের প্রথম বাক্যে বিধেয় ক্রিয়া 'চোইপিকোহের' পুরসারক রূপে 'ইচো ইগা 'র' ব্যবহার পাওয়া যায়।

দ্বিতীয় বাক্যে 'হিংমি' বিধেয় ক্রিয়ার পুরসারক 'নামুসো'।

একইভাবে উদ্দেশ্য ও বিধেয়র বিশেষণ এ ভাষায় উদ্দেশ্য ও বিধেয়র পূর্বে বসে।

	উদ্দেশ্য	বিধেয়	
মিংওয়া	সেবে	জিপমি	
Mingoa	Seme	Jipmi	উদ্দেশ্যের বিশেষণ
পাকা	ফলটি	পড়ল	

এখানে 'সেবে' উদ্দেশ্যের বিশেষণ 'মিংওয়া' আগে বসেছে।

লোতাউমুমি হিনিয়া তেপুংসা ইস্কুলতা হেপুর্গা।

Lotāumumi hiniā tepungsā Ischooltā hepurgā.

তারা আজ হেঁটে স্কুলে যাবে।

এখানে বিধেয় 'হেপুর্গার' বিশেষণ 'তেপুংসা' ও 'ইস্কুলতা'।

আবার কখনো অনেকগুলো পদ উদ্দেশ্যের পুরসারক রূপে ব্যবহার হলে শেষ পদের পূর্বে বৈকল্পিক অব্যয় বসে।

ভবেশ, নবীন, বিমল আসোওয়া কা ভলিবল খেলাইমি

(Bhābesh, Nābin, Bimāl ashoāē ka bhalibālī khelāimi)

ভবেশ, নবীন বিমল ও আমি ভলিবল খেলছি।

আবার - কোনো বাক্যে একটি বিধেয় ক্রিয়ার যদি একের বেশি কর্তা থাকে তখন সর্বগুলোকে একটি যাত্র উদ্দেশ্য বা কর্তা ধরা হয়। যেমন -

রেবা, গীতা, আসোওয়া বেণু তাংসা সেটিংপা লেডিংহো।

Rebā, Gitā, āshooā Benu tāngshā setingpā ledingho.

রেবা, গীতা ও বেণু সবাই জোরে জোরে গান করছে।

বাংলার মত টোটোভাষাতেও ক্রি-য়্যাপদ উহ্য রেখে বাক্য গঠন হয়ে থাকে।

যেমন - (ক) আকুওয়া কেয়োংসা (Ākuoā Ke-ong-shā)

ওটি আমাদের বাড়ী।

(খ) ইন্তাওয়া কোইমি (Intāoā Koi-mi) দৃশ্যটি উপূর্ব।

টোটোদের(ভাষার) লিখিত তথ্য না পাওয়াতে লিখন পদ্ধতিতে তাদের কি নিয়ম অনুসরণ করতো তা জানা যায়নি। তবে কথা বলবার সময় বিশেষ শব্দ ব্যবহারে ক্রিয়ার কাল বুঝিয়ে দেন।

এ ভাষাতে (ক) সাধারণ বর্তমান কালে (Simple present Tense) ক্রি-য়্যাপদের

(Verb) সর্বে 'রো'(ro) যুক্ত হয়।

যেমন - নটি কুঙ বেইপিহো।

Noti Kung beipiro

তুমি আমাকে যার।

(খ) সাধারণ অতীত কালে (Simple past tense)ক্রি-য়্যাপদের সর্বে

'মি' যুক্ত হয়।

নটি কুঙ বেইপ্মি।

Noti Kung beipmi.

তুমি আমাকে যেরেছ।

(গ) সাধারণ ভবিষ্যৎ কালে (Simple Future Tense)

ক্রিয়াপদের সঙ্গে না যুক্ত হয়।

নতি কুং বেইপিগা

Noti kung beipigā

তুমি আমাকে যাববে।

এ ভাষার আরও একটি বৈশিষ্ট্য - ক্রিয়াপদের যত (বাক্য গঠনে) উদ্দেশ্য ও বিধেয় মাঝে মাঝে উহ্য থাকে।

(ক) (নতি) মিয়াদো কা পিচকো।

(Noti) miādo kā picko.

(তুমি) না চাইলেও আমি দিডায়।

উপরের বাক্যটিতে উদ্দেশ্য 'নতি' উহ্য।

(খ) ই দেংহা চোইরুং।

I dengā-hā coirung.

এই লোকটি হয় পাগল।

এখানে বিধেয় ক্রিয়া ('হয়' - টোটোভাষায় 'ওয়ায়সে') উহ্য।

কখনো কখনো মনের বিশেষ ভাব প্রকাশের জন্য উদ্দেশ্য বিধেয়ের মধ্যে বসে। যেমন -

মাসোরপা হাতিমচা কা গইকো হারো।

(MāSORPā hātimeā kā goiko-hero).

ইচ্ছা করে অনেক দূর দেশে আমি ঘুড়তে যাই।

টোটো কথভাষায় বাক্যগঠনে পদবিন্যাস হয় বাংলার যত। প্রথমে কর্তা, তারপর কর্ম এবং শেষে ক্রিয়াপদ। ভোট বা তিব্বতীয় ভাষার বাক্যগঠনেও প্রথমে কর্তা, তারপর কর্ম ও শেষে ক্রিয়াপদ বসে।^৫

যেমন - কৰ্তা কৰ্ম ক্ৰিয়া
কা সাতা হেরো।

আমি বাড়ী যাই।

কৰ্তা কৰ্ম ক্ৰিয়া

পিকাহা ইওতি ইয়েমি পেমি

Pikāhā Ioti Iemi Pemi.

গরু দুধ দেয়।

টোটোভাষার বাক্যপঠনে সাধারণত পুথমে অর্থাৎ বাক্যের আশে বসে কৰ্তা, তারপর কাল-
বাচক পদ, তারপর স্থানবাচক, পৌণকর্ম, মুখ্যকর্ম ও শেষে ক্ৰিয়াপদ।

বিয়ল হাপাংকোহা বাইরে তা এংহিং অ-আ এবরি পিচামি
(Bimāl hāpāngkohā bāiretā ehing a-ā ebri pichāmi).

বিয়ল সকালে বারান্দায় ভাইকে সেশ্ব তরকারী খাওয়ায়।

টোটো কথভাষায় গঠনগত শ্রেণীবিভাগ

গঠনগত দিক থেকে টোটো কথভাষায় (ক) সরল বা মৌলিক বাক্য (Simple sentence)

(খ) মিশ্র বা জটিল বাক্য (Complex sentence) এবং যৌগিক বা সংযুক্ত বাক্য

(Compound sentence) রয়েছে।

সরল বাক্য - নটি হাটিতা হামি

(Noti hātītā hāmi)

তুমি হাটে যাও।

এখানে একটি যাত্র উদ্দেশ্য এবং একটি যাত্র বিধেয় থাকে (সমাপিকা ক্রিয়া)। তবে সরল বাক্যে উদ্দেশ্য বা বিধেয়ের পুসারক বা পূরক থাকতে পারে। এখানে 'হাটিজা' বিধেয়ের পূরক (Complement of the predicate)। Gleason- এর মত অনুযায়ী "Simple sentences consists of a simple clause".^৬ ভাষাতেও মৌলিক বাক্যে 'simple clause' থাকে।

জটিল বাক্য (Complex sentence)---

আনু আকু জোরংমিগা আদো আকু ইয়া আযসা চাওয়া মোকো।
(Ānu aku jorongmigā ādo āku iā āmshā cāoā moko).

'যদিও সে দরিদ্র তথাপি সে ভিক্ষুক নয়'

এখানে উদ্দেশ্য বিধেয় ছাড়াও (কর্তা ও সমাপিকা ক্রিয়া) এক বা একাধিক খণ্ডবাক্য রয়েছে - এবং তা প্রধান বাক্যের অঙ্গ স্বরূপ।

মৌলিক বা সংযুক্ত-বাক্য(Compound sentence)

আকু জোরংমিগা, আদো ইয়া আযসা চাওয়া দিগা মোকো।
(Āku jorongmigā, ādo iā āmshā cā-oā dingā moko).

সে দরিদ্র কিন্তু ভিক্ষুক নয়।

এখানে সংযোজক অব্যয় 'আদো'(কিন্তু) বিশৃ বাক্যটিকে সংযুক্ত করেছে।

Gleason-এর মতে,

A compound sentence consists of two or more main clauses.

অর্থ অনুসারে বাক্যকে সাতটি শ্রেণীতে ভাগ করা যায়। টোটো কথ্য ভাষার বাক্যের (অর্থ-
অনুযায়ী) শ্রেণীবিভাগ।

(ক) নির্দেশসূচক বা নির্দেশাত্মক বাক্য (Indicative sentence)

এই শ্রেণীর বাক্য টোটো ভাষায় দু'ভাগে বিভক্ত -

(১) অস্তর্থক

(Affirmative sentence)

(২) নঞর্থক

(Negative sentence)

আকু সগেওয়া দিহা

Āku-geoā dingā.

তিনি বিদ্যান।

আকু মাগেওয়া মোকো।

Āku māgeoā moko.

তিনি যুর্থ নহেন।

বাংলার মত প্রায়শঃ নঞর্থক অব্যয় বাক্যের শেষে বসে।

(খ) প্রশ্নাত্মক বাক্য (Interrogative sentence)

নতি হাকো চুকোগা ?

Noti hōko cukogā ?

তুমি আজ যেতে পারবে ?

টোটো ভাষায় প্রশ্নবাচক বা প্রশ্নাত্মক বাক্যে ক্রিয়াপদের সঙ্গে গা পুত্যয় যুক্ত হয়।

(গ) ইচ্ছাসূচক বাক্য (Optative sentence)

সাইজা নাতিহিং ইনত্যাওয়া কো জোকো
sāijā nātihing intāoā Kojoko.

ইশুর তোমার মঙ্গল করুন।

(ঘ) আদেশাত্মক বাক্য (Imperative sentence)

আকু সে টংকা পা
(Āku se tong-kā pā)

তার থেকে টাকাটা নাও।

(ঙ) কার্যকারণাত্মক বাক্য (Conditional sentence)

নকোতা টংকা নিনু, কাহিং পিচা।
(Nokotā tong-kā ninu, kāhing picā)

যখন তোমার হাতে পয়সা হবে, তখন আমায় দিও।

(চ) সন্দেহাত্মক বাক্য (Dubitative sentence)

নাতিহা কাম তয়পমসোএহে
Nātihā kām tāyāpām soehe

হয়তো কাজটা তুমি শেষ করেছ।

(ছ) বিস্ময়াত্মক বা বিস্ময়াদিবোধক (Interictive sentence).

ওসে প্ ইংত্যাওয়া কোইমি (কি অপূর্ব দৃশ্য!)

Ose-pā-inta-oā koimi.

কি অপূর্ব দৃশ্য!

টো টো কথ্যভাষায় বাক্য-রূপান্তর

টো টো ভাষায় মূলভাবের কোন পরিবর্তন না ঘটিয়ে বা মূলভাবকে অপরিবর্তিত রেখে গঠনগত

ও অর্থগত দিক থেকে বাক্যের শ্রেণী পরিবর্তিত হয় - যেমন - এ ভাষাতে

(ক) যৌগিক বাক্য থেকে জটিল বাক্যে যেতে হলে শব্দের স্থান পরিবর্তিত হয়।

যৌগিক বাক্য - আকু জোরং মিগা আদো ইয়া আমসা চাওয়া দিগা মকো।

Āku jorong migā ādo iā āmsā cā-oā dingā moko.

সে দরিদ্র কিন্তু ভিক্ষুক নয়।

জটিল বাক্য - আদো আকু জোরং মিগা আদো আকু ইয়া আমসা চাওয়া মকো।

Ādo āku jorong migā ādo āku iā āmsā cā-oā moko.

যদিও সে দরিদ্র তথাপি সে ভিক্ষুক নহে।

জটিলবাক্যে আশ্রিত বা অপুখান উপবাক্য পুখান উপবাক্যের পূর্বে বসে। যেমন -

মাসোরপা হাতিম্চা গইকো হেরো।

MāSORPā hāttimcā goiko hero.

ইচ্ছা করে অনেক দূর দেশে ঘুরতে যাই।

(খ) অস্তর্ধক বাক্য থেকে নঞর্ধক বাক্যে -

আকু এনজা কাইমি ডেগা।

Āku entākāimi dengā

তিনি ভাল লোক।

অস্তর্ধক বাক্য

নঞর্ধক বাক্য

আকু সেদাংদু মে দেগা মকো

Āku shedāngdu me dengā moko.

তিনি খারাপ লোক নন।

(গ) আবেগবোধক বাক্য থেকে নির্দেশক বাক্যে -

ওসে প্ ইংতাওয়া কোইমি

Ose pā ingtāwā koimi

আবেগবোধক বাক্য

কি অপূর্ব দৃশ্য !

নির্দেশক বাক্যে ইংতাওয়া কোইমি

Ingtāwā-Koimi

দৃশ্যটি বড়ই অপূর্ব।

(ঘ) নির্দেশক বাক্য থেকে ইচ্ছাবোধক বাক্যে -

সাইজাকো আবিতা নাতিহিং ইনতাওয়াকো জোকো

Sāijāko ābita nātihing in tāwāko নির্দেশক বাক্য থেকে
joko.

ভগবানের কাছে তোমার মঙ্গল কামনা করি।

ইচ্ছাবোধক বাক্যে - সাইজা নাতিহিং ইনতাওয়াকো জোকো।

Sāijā nātihing intawākojoko.

ভগবান তোমার মঙ্গল করুন।

নিম্নলিখিত পঞ্চাতিতে কয়েকটি সরলবাক্যকে (টোটোভাষায়) একটি মাত্র বাক্যে পরিণত করে দেখানো হলো। অর্থাৎ এ ভাষায় কিছু সরল বাক্যকে এই পঞ্চাতিতে একটি মাত্র বাক্যে আনা হয়।

- যেমন - আকুতাহা ইচো লোই নিয়ো। লোইহা যতুওয়া।
- টোটোভাষা - আকুতাহা সাইজাকো মিচো যো মাটিংয়াং তো।
জেই সুনুকোলারাই ওয়াসো পাকাতা নিয়ো।
এপাং জিংবেপা।
- ইংরাজী - (Ākutāhā ico loi nio. Loihā motuoā. Akutāhā
পুটিবর্ণীকরণ saijāko mico so mātingung to. Jāi-sunkolārāi
oāso pākota nio. Eprāng jingbepā).
- বাংলা - সেখানে এক রাজত্ব আছে। রাজত্বটি অসম্ভবের। তা বিখ্যাতর চোখ এড়িয়ে
আছে। দিনের আলোর মাঝখানে তা রয়ে গিয়েছে। এ যেন দৈব্যাৎ হয়েছে।
- উপরের সরল বাক্যগুলি টোটোভাষাতে একটি মাত্র বাক্যে পরিণত করা হলো।
- একটি বাক্যে - আকুতাহা ইচো যতুকোইওয়া, লোই নিয়ো জেই সুনুকো লারাইওয়া, সো
মাটিংমি এ পুাং জিংওয়াবেনা।
Ākutāhā ico motukoioā, loi nio jei sunko lārāioā,
so mātingmi eprāng jing oābenā.
- সেখানে বিখ্যাতর চোখ এড়িয়ে যে অসম্ভবের রাজত্বটি দিনের আলোর মাঝে
রয়েছে তা যেন দৈবাৎ হয়েছে।
- টোটো ভাষার বাক্যগঠনে আরও কয়েকটি বৈশিষ্ট্য রয়েছে। যেমন -

যেমন - (ক) এ ভাষায় বাক্যে শৌণক্য থাকলে তা সাধারণত মুখ্য কর্মের আগে বসে।

নাটি কুঙ ইগাপতি।

Noti kung igāpāti.

তুমি আমার জন্য বইটি আনবে।

(খ) এ ভাষায় উত্তমপুরুষ, মধ্যমপুরুষ ও প্রথম পুরুষে পুরুষবাচক কর্তা সঙ্গে সঙ্গে ক্রি-য়্যপদের রূপ পরিবর্তিত হয়না।

নাটি হাং চাঙ্গা ? Noti hung chāngā তুমি কি খাও ?

নাতিবিয়া হাং চাঙ্গা ? Nātibīā hung chāngā তোমরা কি খাও ?

আকুবিয়া হাং চাঙ্গা ? Ākubīā hung chāngā? তারা কি খায় ?

আকুয়া হাং চাঙ্গা ? Ākuāhung chāngā ? সে কি খায় ?

(গ) টোটোভা ষার সরলবাক্যে (Simple sentence) যদি একের অধিক পুরুষবাচক কর্তা থাকে তবে উত্তমপুরুষের কর্তা সব কর্তার পরে একটি বৈকল্পিক অব্যয় দ্বারা যুক্ত হয়। যেমন :-

ভবেশ, রবি আসু রা নরেশ হুহুং যা লেং সুচুমিতা।

Bhābesh, Rābi and Nāresh huhungmā leng suchmitā.

ভবেশ, রবি ও নরেশ জোরে জোরে হাসছে।

(ঘ) বাক্যে উত্তমপুরুষের কর্তা অনুপস্থিত হলে মধ্যম পুরুষের কর্তা সবার পরে বসে।

রবি, দীনেশ, ভবেন সা নিতিবি হাঙ্গ লেমার্গা ?

Rābi, Dīnesh, Bhāben sā Nitibi hātrāng lemārgā ?

রবি, দীনেশ, ভবেন ও তোমরা কখন এসেছ ?

(৩) টোটোকথ্যভাষায় বাক্যে সম্মুখবাচক পদ থাকলে তা বিশেষ্যের পূর্বে বসে।

(১) ই নাটিকো ইগা।

I nātiko igā.

এটি তোমার বই।

(২) বকুল ভবেশকো চেওয়া এ।

Bakul Bhābeshko cheoā-e.

বকুল ভবেশের ছোট ভাই।

(চ) এ ভাষায় মর্কারক বাক্যে ক্রিয়াপদের সঙ্গে যি পুত্যয় যুক্ত হয়।

আকুয়া মেগেমি।

Ākuā megemi.

সে জানেনা।

(ছ) টোটো ভাষায় পুর্ন্বোধক বাক্যে ক্রিয়াপদের সঙ্গে না পুত্যয় যুক্ত হয় আলাদা ভাবে
অব্যয় ব্যবহার হয়না।

নাতিয়া ইয়াকজো কোকোগা ?

Nātiā Iakojo Kokogā ?

তুমি কি অঙ্কটি কষতে পারছ না ?

(জ) টোটোরা ছোট ছোট বাক্য বলতে অভ্যস্ত। তাদের কর্তৃ ভাষার কিছু কিছু অসমাপিকা
ক্রিয়া তারা ব্যবহার করেন। ক্রিয়া মূলের সঙ্গে 'সা' পুত্যয় যুক্ত করে অসমাপিকা
ক্রিয়াপদ গঠন করে। অসমাপিকার সঙ্গে ভাব-কাল পুরুষবাচক রূপমূল যুক্ত হয়না।

আপোবিয়া আজা চামসা ইস্কুলতা হাইয়ে

Āpebiā ājā chamsa iskulta hai-e.

ছেলেগুলো খেয়ে স্কুলে গেল।

(ক) বিশেষণবাচক রূপমূলের দ্বিভু প্রয়োগ ঘটিয়ে টোটো ভাষায় বহুবচন নির্দেশিত হয়। যেমন :-

গদা গদা ইগা
Gādā Gadā igā.
মোটো মোটো বই।

টোটোভাষার বাক্যগঠনে বাংলা ভাষার প্ৰভাব রয়েছে। বাংলা ভাষার মত সরলবাক্যে পুথমে কৰ্তা, তারপর কৰ্ম এবং শেষে ক্রিয়াপদ থাকে। এটি তেট বা তিব্বতীয় ভাষার বাক্য গঠনের অন্যতম বৈশিষ্ট্য। টোটোভাষায় বাক্যের অর্থ সুরাঘাত ও সুরচরঙ্গের দ্বারা নিয়ন্ত্রিত হয়। ব্যাকরণগত পদ গঠনের অক্ষমতা ভোট-টীনা ভাষার অন্যতম বৈশিষ্ট্য। টোটোভাষার বাক্য শব্দগুলির ব্যাকরণমূল্য প্রকাশ পায় বাক্যের মধ্যে শব্দগুলির অবস্থান বা বিন্যাসক্রম (word order) অনুসারে। তাই ব্যাকরণের উভাব টোটো কথভাষার অন্যতম বৈশিষ্ট্য।।

নির্দেশিকা

১. চট্টোপাধ্যায়, ড. সুনীতিকুমার : 'সরল ভাষা প্রকাশ বাঙলা ব্যাকরণ', কলিকাতা, ১৯৭১, পৃ.২৬৪
২. Lehmann, Winfred P. :- Descriptive Linguistics : An Introduction; New York; Random House, 1976. p.155.
৩. শ. রায়েশ্বর, 'সাধারণ ভাষা বিজ্ঞান ও বাংলা ভাষা', পুস্তক বিপণি, দ্বিতীয় সংস্করণ (১৯৯২) পৃ.৪০০
৪. Chomsky Noam, 1965 'Aspects of the theory of Syntex'. The Mit press, page.11.
৫. Hannah, H.B. 'A grammar of the Tibetan Language', Reprint, Delhi, Motilal Banarasidas, 1991 p.308.
৬. Gleason H A - 1965 'Linguistics and English Grammar'. Holt, Rinehart and Winston Chap.14, Joining Clauses, p.332.
৭. - ৩ -